



প্রতিদিন একবার হলেও আলনার
প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.bteb.gov.bd

প্রতিদিন একবার হলেও বাকসিহো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd)
ভিজিট করুন।

স্মারক নং- বাকাশিবো(প-২)/৫৮৫(পোর্ট-৭)/২৪০৮

তারিখঃ ০৩-০৮-২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৪র্থ, ৫ম, ৭ম নিয়মিত ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ে এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৬ এর পরীক্ষার ফলাফল সঠিক সময়ে সুষ্ঠুভাবে প্রকাশের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত বিষয়গুলো সতর্কতার সাথে যথাসময়ে সম্পাদন করার জন্য এতদ্বারা অনুরোধ করা হলো।

১. Online -এ প্রেরিত সকল পরীক্ষার্থীর TC, PC নম্বর কোর্স স্ট্রাকচার মোতাবেক এন্ট্রি হয়েছে কিনা তা যাচাই-বাছাই করে প্রিন্ট-আউট কপি বোর্ডে প্রেরণ করবেন।
২. সকল পরীক্ষার্থীর PF নম্বর কোর্স স্ট্রাকচারের সাথে মিল রেখে প্রদান ও Online -এ এন্ট্রি করতে হবে।
৩. তদ্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় প্রতিদিনের অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের তথ্য যাচাইপূর্বক Online -এ এন্ট্রি নিশ্চিত করবেন।
৪. কেন্দ্রের বহিস্কৃত সকল পরীক্ষার্থীর বহিস্কার রিপোর্ট ফরম (ফরম ১, ২ ও ৩) যাচাইপূর্বক বোর্ডে প্রেরণ করবেন।

উপরোল্লিখিত সকল ডকুমেন্টস (এন্ট্রিকৃত TC, PC, PF নম্বর, অনুপস্থিত ও বহিস্কার এন্ট্রির প্রিন্ট-আউট কপি এবং হাজিরাসীট) বাহক মারফত আগামী ০৮-০৮-২০১৬ তারিখের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে। অন্যথায় ফলাফল প্রকাশে কোন জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কেন্দ্র দায়ী থাকবে।

এছাড়া বোর্ডের স্মারক নং- বাকাশিবো(প-২)/৫৮৫(পোর্ট-৭)/২৩৬৭ ও ২৩৬৮, তারিখঃ ১২-০৬-২০১৬খ্রিঃ মোতাবেক প্রস্তুত ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান হতে বোর্ড কর্তৃক নিয়োগকৃত প্রতিনিধিদের ভ্রমণভাতা বিল নির্ধারিত ফরমে প্রস্তুত করে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ০৮-০৮-২০১৬ তারিখের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(প্রকৌশলী সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন- ০২-৯১১৩২৮৩

স্মারক নং- বাকাশিবো(প-২)/৫৮৫(পোর্ট-৭)/২৪০৮(১০)

তারিখঃ ০৩-০৮-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....।
৪. অধ্যক্ষ/পরিচালক, পলিটেকনিক ইন্সটিটিউট।
৫. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোনঃ ০২-৯১১৮৭৭৬